কোটচাঁদপুরে দুই শ্রমিককে হাতুড়ি পিটা করলো সাবেক বিজিবি সদস্য

ঝিনাইদহের কোটচাঁদপুর পল্লিতে পাওনা টাকা চাওয়ায় দুই রাইচ মিল শ্রমিক কে হাতুড়ি দিয়ে পিটিয়ে আহত করেছে হাফিজুর রহমান নামে এক সাবেক বিজিবি সদস্য।

বৃহস্পতিবার সকালে উপজেলার সাফদারপুর ইউনিয়নের বলরামনগর গ্রামে এই ঘটনা ঘটে। আহতরা হলেন, উপজেলার বলরামনগর গ্রামের মৃত মহিম উদ্দিনের ছেলে আজিজুল হক (৩২) ও খালিশপুরের পুরুন্দপুর গ্রামের নামির উদ্দিনের ছেলে শরিফ উদ্দিন (২৫)।

এঘটনায় আহতের স্ত্রী বাদী হয়ে কোটচাঁদপুর থানায় মামলা করেছেন। পুলিশ ঘটনাস্থল থেকে অভিযুক্তকে আটক করেছে।

আহত ভুক্তভোগী শ্রমিক আজিজুল জানান, চতুরপুর গ্রামের মৃত মতলেব বিশ্বাসের ছেলে সাবেক বিজিবি সদস্য হাফিজুর রহমানের চাউলের মিলে দীর্ঘদিন যাবত শ্রমিকের কাজ করি।

ওখানে কাজ করা অবস্থায় আরেক শ্রমিক মহেশপুরের বুজতলা গ্রামের উজ্জল হালদারকে কিছু টাকা হাওলাদ দিয়। বিভিন্ন সময়ে পাওনা টাকা চাইতে গেলে সে বলে, পারলে আদায় করে নে।

বেশ কিছুদিন যাবৎ হাফিজুরের মিলে কাজ ছেড়ে তারই আপন ভাই শফিকুলের একটি চাউলের মিলে শ্রমিকের কাজ করছি। আমার টাকা প্রয়োজন হওয়ায় বৃহস্পতিবার সকালে উজ্জলের কাছে ফোনে টাকা চায়।

এ সময় সে গালাগালি করে। আমিও তাকে গাল দিয়। কিছুক্ষণ পরে শফিকুলের চাউলের মিলে এসে বিজিবি হাফিজুর একটি হাতুড়ি দিয়ে আমার সহকারি শ্রমিক শরিফকে পিটাতে থাকে। আমি বাধা দিতে গেলে সে আমাকেও হাতুড়ি দিয়ে পিটিয়ে গুরতর আহত করে।

এসময় স্থানীয়রা আমাদেরকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে ভর্তি করেন। পরে এলাকাবাসী হাফিজুরকে একটি ঘরে আটকে রেখে পুলিশে খবর দেয়। পুলিশ ঘটনাস্থল থেকে হাফিজুরকে আটক করে।

বিষিয়টি নিশ্চিত করে কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ ওসি মঈন উদ্দিন জানান, এঘটনায় আহতের স্ত্রী ঝর্না বেগম বাদী হয়ে থানায় একটি মামলা দায়ের করেছেন। মামলা নং-০৪। পুলিশ ঘটনাস্থল থেকে আসামী হাফিজুরকে আটক করেছে।

চুয়াডাঙ্গায় জেলা প্রশাসন ও র্যাবের ভেজাল বিরোধী যৌথ অভিযান

চুয়াডাঙ্গার সদরের পৌর কলেজের পাশে বাগানপাড়ার একটি বাড়ির গুদামে যৌথ অভিযান চালিয়েছে জেলা প্রশাসন ও র্যাব। বৃহস্পতিবার দুপুর একটা থেকে বিকাল পাঁচ টা পর্যন্ত ওই ভেজাল বিরোধী অভিযান চালানো হয়।

ভ্রাম্যমাণ আদালতের বিচারক জেলা প্রশাসনের সহকারি কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমান জানান, বৃহস্পতিবার দুপুরে গোপন সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা বড় বাজারের মুন সুপার মার্কেটে মোস্তফার ব্যবসা প্রতিষ্ঠান অভি-অনিক এন্টারপ্রাইজে অভিযান চালায় র্যাব।

পরে তার দেয়া তথ্যের ভিত্তিতে শহরের বাগানপাড়াায় তার ভাড়া বাড়িতে অভিযান চালানো হয়। বাড়ির গুদাম থেকে জব্দ করা হয় বিপুল পরিমাণ নকল প্রসাধনী।

পরে নকল প্রসাধনী মজুদ রাখার অপরাধে ভোক্তা অধিকার আইন ২০০৯ এর ৪১ ধারায় গুদাম মালিক গোলাম মোস্তফাকে ২ লাখ টাকা জরিমানা অনাদায়ে ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ডের আদেশ দেয়া হয়। সিলগালা করা হয় গুদামটি।

দামুড়হুদায় বিনামূল্যে সার ও বীজ বিতরণ

দামুড়হুদায় ২০২১-২০২২ অর্থ বছরে খরিফ-২ মৌসুমে গ্রীষ্মকালীন পেঁয়াজ ও নাবী পাটবীজ উৎপাদন প্রণোদনা কর্মসূচির আওতায় কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ- এর শুভ উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার বেলা ১০ টার দিকে উপজেলা প্রশাসন ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর দামুড়হুদার বাস্তবায়নে বিনামূল্যে এ সার ও বীজ এ মৌসুমে উপজেলার ৩৪০ জন কৃষককে ১ কেজি পেয়াজের বীজ, ২০ কেজি সার ও ৪০ জন পাট চাষীদের মাঝে ৫’শ গ্রাম বীজ, ২০কেজি করে সার বিতরণ করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান এর সভাপতিত্বে পেঁয়াজ ও পাঁট বীজ প্রণোদনা কর্মসূচি প্রধান অতিথি হিসেবে উদ্বোধন করেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, কৃষি অফিসার মনিরুজ্জামান, উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার মাসুম আব্দুল্লাহ প্রমূখ।

মেহেরপুরে ৩ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ৩ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে গাংনী ১ জন, মুজিবনগরে ২ জন।

বৃহস্পতিবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৬৪ টি। তারমধ্যে ৩ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৪৬ জন।

তার মধ্যে সদরে ১৪ জন, গাংনীতে ২২ জন এবং মুজিবনগরে ১০ জন। এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৭৮ জন ।

মৃতদের মধ্যে সদরে ৮২ জন, গাংনী ৫৭ জন ও মুজিবনগরে ৩৯ জন।

গাংনীর হাড়াভাঙ্গায় ডিস ব্যবসায়ীকে গাছে বেঁধে মারপিঠ

গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের ডিস ব্যবসায়ী আরিফিন রেজাকে
(২১) বেধড়ক মারপিঠ করা হয়েছে। মুমূর্ষু অবস্থায় তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

একইসাথে ফাঁকা স্ট্যাম্পে জোরপূর্বক স্বাক্ষর করে ৭০ হাজার টাকা জরিমানা আদায়ের পায়তারা করছে হাড়াভাঙ্গা গ্রামের ফারুক হোসেনসহ কয়েকজন। এক মাদ্রসা ছাত্রীর সাথে প্রেম সম্পর্কের অপবাদ দিয়ে গত বুধবার রাতে রেজাকে বেধড়ক মারপিঠ করা হয় বলে অভিযোগ করেছেন রেজা ও তার পরিবার।

গাংনী হাসপাতালের একজন চিকিৎসক জানান, আরিফিন রেজার দুই পায়ের হাড় ফেটে গেছে। শরীরের বিভিন্ন স্থানে রডের আঘাতের চিহ্ন রয়েছে। আঘাতে শরীরের বিভিন্ন স্থানের চামড়া উঠে গেছে। তার শারীরিক অবস্থা গুরুতর বলে জানান কর্তব্যরত চিকিৎসক।

অভিযোগে জানা গেছে, ডিস ক্যাবল নেটওয়ার্ক ব্যবসায়ী হাড়াভাঙ্গা গ্রামের কামাল হোসেনের ছেলে আরিফিন রেজা লাইন দেখাশোনার কাজ করেন। গত বুধবার রাত আটটার দিকে হাড়াভাঙ্গা গ্রামের শাওন নামের এক যুবক তার বাড়ির ডিস লাইন মেরামতের কথা বলে ডেকে নিয়ে যায়।

ডিস লাইন মেরামতের এক পর্যায়ে রেজাকে কৌশলে ডেকে হাড়াভাঙ্গা গ্রামের বাগানপাড়ায় নিয়ে যায় একই গ্রামের নৈমুদ্দীন মিলিটারির ছেলে ফারুক হোসেন। সেখানে আগে থেকে ওৎ পেতে থাকা ফারুক ও তার সঙ্গীরা রেজার মুখ ও হাত বেঁধে মারধর শুরু করে। জাম গাছের সাথে রসি দিয়ে বেঁধে মুখে গামছা পুরে রড ও লাঠি দিয়ে বেধড়ক মারপিঠ করে

সরকারি মোবাইল নাম্বারে কল করে তিনি কল রসিভি করেননি।

কালীগঞ্জে বাসের ধাক্কায় নিহত ২! ক্ষুব্ধ এলাকাবাসীর সড়ক অবরোধ

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার পিরোজপুর এলাকায় বাসের ধাক্কায় ২ জন নিহত হয়েছে। বৃহস্পতিবার সকালে ঝিনাইদহ-যশোর মহাসড়কের কালীগঞ্জ উপজেলার পিরোজপুর তিন বটতলা এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলো-কালীগঞ্জ উপজেলার বাদেডিহি গ্রামের মৃত জাহাবক্সের ছেলে মহিদুল ইসলাম (৫০) ও পিরোজপুর গ্রামের মোশাররফ হোসেনের স্ত্রী তাসলিমা খাতুন (৩৫)। এদিকে এ ঘটনার প্রতিবাদে ঝিনাইদহ-যশোর মহাসড়ক অবরোধ করে এলাকাবাসী।

কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ জানান, সকালে ভ্যানে যাত্রী নিয়ে বারোবাজার থেকে পিরোজপুর যাচ্ছিল মহিদুল ইসলাম। পথে ঘটনাস্থলে পৌঁছালে চুয়াডাঙ্গা থেকে যশোরগামী শাপলা পরিবহণের একটি যাত্রীবাহী বাস (ময়মনসিংহ – জ-১১-০০৮৯) তাদের ধাক্কা দেয়।

এতে ভ্যানটি দুমড়ে-মুচড়ে যায়। ঘটনাস্থলেই নিহত হয় মহিদুল ইসলাম। আহত হয় ভ্যানের তাসলিমা খাতুন নামের এক যাত্রী। তাকে উদ্ধার করে যশোর জেনারেল হাসপাতালে নিয়ে গেলে পথেই তার মৃত্যু হয়।

এদিকে, এ ঘটনার প্রতিবাদে ঝিনাইদহ-যশোর মহাসড়ক অবরোধ করে এলাকাবাসী। এতে বন্ধ হয়ে যায় উভয় পাশের যানচলাচল। সড়কের দুই পাশে গাড়ীর দীর্ঘ লাইন পড়ে যায়। প্রায় দেড় ঘন্টার পর সড়কে যানচলাচল স্বাভাবিক হয়।

বারোবাজার হাইওয়ে থানার ওসি শেখ মেজবাহ ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, বাসটি আটক করলেও চালক পলাতক রয়েছে।

[redacted]

[redacted]

চুয়াডাঙ্গায় প্রবাসীর স্ত্রীকে চেতনানাশক ঔষধ পান করিয়ে গলা কাটেন প্রেমিক মামুন

চুয়াডাঙ্গায় প্রবাসীর স্ত্রীকে চেতনানাশক ঔষধ পান করিয়ে ছুরি দিয়ে হত্যা করেছেন মামুন হোসেন (৩০)। প্রবাসী স্বামীর বাড়ি ফেরা নিয়ে পরকীয়া প্রেমিক মামুন হোসেনের সাথে মনমালিন্যের সৃষ্টি হয় জেসমিন খাতুন আয়নার।

এরই জেরে ক্ষুব্ধ হয়ে ভাগ্নে রাব্বিকে ব্যবহার করে শরবতের মধ্যে চেতনানশক ওষুধ মিশিয়ে আয়নাকে পান করায় মামুন। সেদিন রাতে আয়না জ্ঞান হারালে তার ঘরে ঢুকে ড্রেসিং টেবিলের ওপরে থাকা একটি ধারালো ছুরি দিয়ে গলা কাটে পরকীয়া প্রেমিক মামুন।

আসামীদের জিজ্ঞাসাবাদ শেষে সাংবাদিকদের কাছে এমন তথ্য জানিয়েছে চুয়াডাঙ্গা জেলা পুলিশ।

এদিকে এ ঘটনায় নিহতের ভাই বাদী হয়ে একটি হত্যা মামলা দায়ের করেছেন। মামলার প্রধান অভিযুক্ত মামুন মন্ডলসহ দুইজনকে গ্রেফতার করেছে পুলিশ।

বৃহস্পতিবার বেলা সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা সদর থানায় আয়োজিত এক সংবাদ সম্মেলনে চুয়াডাঙ্গা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) আবু তারেক বলেন, জেসমিন খাতুন আয়নার স্বামী কুয়েত প্রবাসী হওয়ার সুবাদে তার সাথে প্রতিবেশী যুবক মামুন হোসেনের বিবাহবহির্ভূত সম্পর্ক গড়ে ওঠে।

এ সম্পর্কে দাবীতে মামুন হোসেন আয়নাকে বিয়ের প্রস্তাব দেয়। বিয়েতে আয়না খাতুনের অস্বীকৃতি তাদের মধ্যে বিবাদ তৈরি হয়। এরই মধ্যে প্রবাসী স্বামী হাবিবুর রহমান হাবিলের দেশে ফেরার খবরে আরও ক্ষুব্ধ হয়ে ওঠে মামুন হোসেন। এরই এক পর্যায়ে চালানো হয় হত্যাকান্ড।

পুলিশ কর্মকর্তা আবু তারেক আরও বলেন, মরদেহটি বিবস্ত্র অবস্থায় ঘরে পড়ে ছিল। এ থেকে আমাদের সন্দেহ- ওই নারীকে হত্যার আগে ধর্ষন করা হতে পারে। যদিও ময়নাতদন্তের রিপোর্ট এখনো পাওযা যায়নি। তাই

এখনই এ বিষয়টি নিশ্চিত নয়।

সংবাদ সম্মেলনে অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) জাহাঙ্গীর আলম জানান, ঘটনার পর থেকেই মাঠে নামে পুলিশ। একদিনের মধ্যেই হত্যার রহস্য অনেকটা উদঘাটন করা হয়েছে। এ হত্যা কাজে ব্যবহৃত বেশ কিছু আলামতও জব্দ করা হয়েছে। এর মধ্যে হত্যায় ব্যবহৃত রক্তমাখা ছুরি, চেতনানাশক ওষুধ মেশানো পানির গ্লাস, রক্তমাখা কাপড়, মোবাইল ফোন, ঘাতকের স্যান্ডেল ও লুঙ্গি জব্দ করা হয়েছে।

উল্লেখ্য, গত ৭ সেপ্টেম্বর রাত আড়াইটার দিকে চুয়াডাঙ্গা সদর উপজেলার নতুন যাবদপুর গ্রামে প্রবাসীর স্ত্রীকে গলা কেটে হত্যার ঘটনা ঘটে। এ ঘটনায় সন্দেহভাজন তিন জনকে আটক করে জিজ্ঞাসাবাদ করে পুলিশ। পরে গত ৮ সেপ্টেম্বর রাতে নিহতের ভাই আব্দুর রউফ দাবী হয়ে বেশ কয়েক জনকে অজ্ঞাত আসামী করে হত্যা মামলা দায়ের করা হয়।মামলাটি প্রক্রিয়াধীন থাকবে বলে জানিয়েছেন চুয়াডাঙ্গা জেলা পুলিশের এই দুই ঊর্ধ্বতন কর্মকর্তা।

গাংনীতে তিনটি সড়ক উন্নয়ন কাজের উদ্বোধন করেন এমপি খোকন

এমপি সাহিদুজ্জামান খোকন মেহেরপুরের গাংনী উপজেলার বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ সড়ক উন্নয়ন কাজের উদ্বোধন করেছেন। বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে শুরু হয়ে দুপুর পর্যন্ত বিরতিহীন ভাবে উপজেলার বিভিন্ন প্রান্তে এসব সড়ক উন্নয়ন কাজের উদ্বোধন করেন। উদ্বোধন ঘোষণা শেষে দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়।

প্রকল্পগুলোর মধ্যে রয়েছে- মেহেরপুর জেলার গাংনী উপজেলাধীন ২০১৯-২০২০ অর্থবছরে পল্লী সড়ক রক্ষণাবেক্ষণ ও কালভার্ট মেরামত কর্মসূচী প্রকল্পের আওতায় বামন্দি (আরএইচডি) হতে নওদাপাড়া জিসি রাস্তার উন্নয়ন কাজের উদ্বোধন যার চুক্তিমূল্য ৮৭,০২,৯৩২ টাকা।

বৃহত্তর কুষ্টিয়া জেলা গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প (GKRDP) প্রকল্পের আওতায় পীরতলা হাট হতে নাটনাপাড়া ঘাট পর্যন্ত পর্যন্ত রাস্তার উন্নয়ন কাজ। যার প্রকল্পিত ব্যয় ১,৫৭,৪৬,৪৮৩ টাকা, বাস্তবায়নকারী প্রতিষ্ঠান এলজিইডি।

বৃহত্তর কুষ্টিয়া জেলা গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প (GKRDP) এর আওতায় রাইমনতলা হতে মহব্বতপুর গ্রাম পর্যন্ত সড়ক উন্নয়নের কাজ ১,২৮,০৭,৮৮৩ টাকা, বাস্তবায়নকারী প্রতিষ্ঠান এলজিইডি।

পরে সহড়াবাড়িয়া গ্রামে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর-২ (গাংনী) আসনের মাননীয় সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন।

এ সময় জেলা আওয়ামী লীগের কৃষি বিষয়ক সম্পাদক ফজলুল হক, উপজেলা প্রকৌশলী গোলাপ আলী শেখসহ উপজেলার বিভিন্ন ইউনিয়ন ও ওয়ার্ড আওয়ামী লীগ এবং অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় ইজিবাইক ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে স্কুলছাত্রের মৃত্যু

দামুড়হুদায় মোটরসাইকেল ও ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষে মোটরসাইকেল আরোহী স্কুলছাত্র রানা আহমেদের (১৫) মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার দুপুরে দামুড়হুদার জয়রামপুর পুরাতন শেখপাড়া নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। নিহতের লাশ চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে রাখা আছে।

নিহত রানা আহমেদ দামুড়হুদা উপজেলার জয়রামপুর গ্রামের শেখপাড়ার রাজা মোল্লার ছেলে ও জয়রামপুর মাধ্যমিক বিদ্যালয়ের ৯ম শ্রেণীর ছাত্র।

জানা যায়, বৃহস্পতিবার দুপুরে মোটরসাইকেল যোগে রানা আহমেদ বাড়ি থেকে দামুড়হুদা বাজারে আসছিল। এ সময় জয়রামপুর পুরাতন শেখপাড়া

□□□□ □□□□□□ □□□□□□□ □□□□ □□□□□□□□□□□ □□□□ □□□□□□ □□□□ □□□□□□
□□□ □□□□ □□□ □□□□ □□□□□□□□□ □□□□ □□□□□□□□□ □□□□□□ □□□

□□□ □□□□□□□□□□ □□□□□□□□□□ □□□ □□□ □□□□□□□□□ □□□□□□ □□□
□□□□□□□□□□ □□□ □□□□□□□□□□ □□□□□ □□□□□□ □□□□ □□□□□□□□□ □□□□□□□
□□□ □□□□□□ □□□□□ □□□□□□□□□ □□□□ □□□□□ □□□ □□□□□□ □□□□□ □□□□□
□□□□□□ □□□□□□□ □□□□□

Copyright © 2024 Acme Corporation. All rights reserved.